দৈনিক বাংলা

২৫২

তারিখ ... 20/11/82 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

061

# প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকদের জরিপ হচ্ছে

চট্টগ্রাম, ১৭ই নবেম্বর (বাসস)—শিক্ষা ও ধর্ম বিষয়কমন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলেছেন, জাতীয় উন্নয়নের ভিত্তি তৈরির উদ্দেশ্যে শিক্ষা খাতের মোট ব্যয়ের শতকরা ৫৫ ভাগ প্রাথমিক শিক্ষার জন্য বরাদ্দ করা হয়েছে।

গতকাল এখানে মুসলিম ইনস্টিটিউটে চট্টগ্রাম জেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, উন্নীত থানা নির্বাহী কর্মকর্তা এবং বিএডিসি ও কৃষি ব্যাংক কর্মকর্তাদের সমাবেশে বক্তৃতাকালে তিনি একথা বলেন।

মন্ত্রী বলেন, বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে অগ্রাধিকার দিচ্ছেন, কারণ এটা সকল উন্নয়ন তৎপরতার ভিত্তি, অতএব, আমাদের শিক্ষিতের হার বাড়াতে হবে।

জনাব মজিদ খান উল্লেখ করেন, সরকার দেশের প্রাথমিক বিদ্যালয় এবং এর শিক্ষকদের ওপর জরিপ শুরু করেছেন। দুইশত থানায় এ ধরনের জরিপ কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, দেশ স্বাধীন হওয়ার পর পরই শিক্ষিতের হার বাড়ানোর জন্য ৩৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়। কিন্তু এতে কোন ফল হয়নি, বরং গত দুই বছরে প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা কমে গেছে।

তিনি বলেন: বর্তমান সরকার শিক্ষিতের হার বাড়াতে বদ্ধপরিকর।

[illegible]

## জরিপ হচ্ছে

(১১-এর পৃঃ পর)

এই লক্ষ্যে নিয়ে সরকার দ্বিতীয় শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের বই সরবরাহ করবেন এবং ভাল ছাত্রদের পুরস্কার ও কাপড় চোপড় দেবেন। এতে সরকারের ৯ কোটি টাকা খরচ হবে। কয়েকটি বিদ্যালয়ে শিক্ষার সাজসরঞ্জামও দেয়া হবে বলে তিনি জানান।